**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

**অফিস আদেশ-৩(১) রপ্তানী ও বন্ড/৯৬/** তারিখঃ ৩০-০৩-১৯৯৮ ইং।

অফিস আদেশ

**বিষয় : বাংলাদেশের অভ্যন্তরে বেসরকারী উদ্দ্যোগে আই.সি.ডি/সি.এফ.এস স্থাপন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচেছ যে, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের অভ্যন্তরে বেসরকারী উদ্দ্যোগে আই.সি.ডি/সি.এফ.এস স্থাপন পরিচালনা করতে দিতে জাতীয় রাজস্ব বোর্ড সম্মত হয়েছেঃ-

শর্ত

(১) প্রতিষ্ঠানটিকে যথাযথভাবে নিবন্ধিত একটি লিমিটেড কোম্পানী হতে হবে;

(২) উদ্যোক্তাগণের আমদানী/রপ্তানী কার্যক্রম পরিচালনা এবং / অথবা কন্টেইনার হ্যান্ডলিং এর ক্ষেত্রে অন্ততঃ ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;

(৩) প্রস্তাবিত আই.সি.ডি টি অন্ততঃ ১৫ (পনের) বিঘা জমির উপর অবস্থিত হতে হবে;

(৪) প্রস্তাবিত আই.সি.ডি. টির ধারন ক্ষমতা অন্ততঃ ১৫০০ (পনের শত) টি.ই.ইউ.এস (১ টি.ই.ইউ.এস. = ১টি ২০ (বিশ ফুট) কন্টেইনার) হতে হবে;

(৫) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের বিবেচনায় এর নিরাপত্তা ব্যবস্থা সন্তোষজনক হতে হবে;

(৬) প্রস্তাবিত আই.সি.ডি-টির কন্টেইনার এবং আমদানী ও রপ্তানী পণ্য পরিবহনের জন্য উপযুক্ত সড়ক সংযোগ থাকতে হবে;

(৭) প্রস্তাবিত আই.সি.ডি-টি চট্টগ্রাম বন্দর এলাকা থেকে অনধিক ২০ কিলোমিটারের মধ্যে অবস্থিত হতে হবে;

(৮) প্রস্তাবিত আই.সি.ডি টিতে উপযুক্ত কন্টেইনার ইয়ার্ড, পণ্য লোডিং ও আনলোডিং এর জন্য প্রয়োজনীয় সুবিধা, শুল্ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট অন্যান্যদের জন্য অফিসকক্ষসহ অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা থাকতে হবে;

(৯) প্রস্তাবিত আই.সি. ডি-তে অগ্নি নির্বাপন ব্যবস্থা সম্ভাব্য দূর্ঘটনা প্রতিরোধ এবং মোকাবেলার পর্যাপ্ত ব্যবস্থা থাকতে হবে। অগ্নি নির্বাপন ব্যবস্থা সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদপত্র দাখিল করতে হবে;

(১০) প্রস্তাবিত আই.সিডি তে-সোনালী ব্যাংকের শাখা স্থাপন সংক্রান্ত ব্যাংকের সম্মতিপত্র এবং ব্যাংকের জন্য উপযুক্ত স্থানের ব্যবস্থা থাকতে হবে;

(১১) আই.সি.ডি স্থাপনের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং বন্দর জাহাজ চলাচল ও অভ্যন্তরীণ নৌ পরিবহন মন্ত্রণালয়ের অনুমতি থাকতে হবে;

(১২) কোন আবেদনকারী চাইলে তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে কাস্টম হাউসের কমিশনার প্রয়োজনীয় অবকাঠামোগত, কায়িক, যন্ত্রপাতি, নিরাপত্তা ব্যবস্থা ও অন্যান্য প্রয়োজনীয় সুবিধা সৃষ্টির লক্ষ্যে পর্বানুমতি প্রদান করতে পারবেন। তবে সে ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় জমি, সড়ক যোগাযোগ ব্যবস্থা, আর্থিক সংগতি ইত্যাদিসহ প্রকল্পটির সার্বিক বিষয়ে এর গ্রহণযোগ্যতা সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিশ্চিত করতে হবে;

(১৩) পূর্বানুমতি পাওয়ার পর শর্ত, মানদন্ড ও নীতিমালার নিরীখে উপযুক্ত বিবেচিত হলেই কেবল শুল্ক কর্তৃপক্ষ লাইসেন্স প্রদানের বিষয়টি বিবেচনা করবে;

(১৪) পণ্য ও কন্টেইনার হ্যান্ডলিং এর জন্য প্রস্থাবিত আই.সি.ডি-তে পর্যাপ্ত ও প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকতে হবে;

(১৫) আবেদনকারী প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের আয়কর সংক্রান্ত সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;

(১৬) আবেদনকারী প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সলভেন্সি সংক্রান্ত সার্টিফিকেট দাখিল করতে হবে;

(১৭) কোন প্রতিষ্ঠানকে পাবলিক বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স প্রদানের উপযুক্ত বিবেচিত হলে কাস্টম হাউসের কমিশনার লাইসেন্স প্রদানের বিষয়ে সিদ্ধান্ত নেবেন। উপযুক্ত বিবেচিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে লাইসেন্স ফি বাবদ ১,০০,০০০/- (একলক্ষ) টাকা (অফেরৎযোগ্য) এবং সিকিউরিটি ডিপোজিট হিসাবে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে;

(১৮) লাইসেন্স পাবার উপযুক্ত বিবেচিত হলে প্রতিষ্ঠানটিকে লাইসেন্স দেবার পর্বেই প্রয়োজনীয় নন জুডিশিয়াল ষ্ট্যাম্পের উপর ২৫ (পঁচিশ) কোটি টাকার সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) দাখিল করতে হবে। নবায়নের সময় নতুন করে এ বন্ড দাখিল করতে হবে;

(১৯) যে কোন ধরনের অনিয়ম, বে-আইনি-কার্যকলাপ, শর্তের বরখেলাপ, অদক্ষতা বা হয়রানিমলক কার্যকলাপের দায়ে সংশ্লিষ্ট কমিশনার যে কোন সময়ে প্রদত্ত লাইসেন্স বাতিল বা বাতিলের লক্ষ্যে প্রয়োজনীয় তদন্ত, পরীক্ষা-নিরীক্ষা ও অন্যান্য আনুষ্ঠানিকতা/কার্যক্রম গ্রহণের জন্য সাময়িকভাবে বাতিল করতে পারবেন;

(২১) জাতীয় রাজস্ব বোর্ড অথবা সংশ্লিষ্ট কমিশনার যে কোন সময় প্রদত্ত লাইসেন্সের বিষয়ে অথবা ICD-এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে যে কোন শর্ত, পদ্ধতি, নীতিমালা ইত্যাদি আরোপ/প্রণয়ন/প্রবর্তন করতে পারবেন;

(২২) যে কোন প্রতিষ্ঠানকে শুরূতে কেবল খালি কন্টেইনার হ্যান্ডলিং এবং রপ্তানী কার্যক্রম পরিচালনার অনুমতি দেয়া যাবে। পরবর্তীতে পারফরমেন্স সন্তোষজনক হলে অন্ততঃ ১ (এক বছর) পর প্রতিষ্ঠানটি চাইলে আমদানী পণ্য খালাসের অনুমতি দেয়া যাবে;

(২৩) আমদানী চালানের ক্ষেত্রে আমদানীকারক পণ্য ব্যক্তি মালিকানাধীন ICD তে খালাস করতে চাইলে অথবা রপ্তানী পণ্য ICD–তে ষ্টাফিং করতে চাইলে তাঁকে এল, সি শর্তাবলিতে ICD–এর নাম উল্লেখ করতে হবে। একইভাবে B.L.–এও ICD–এর নাম উল্লেখ করতে হবে;

(২৪) আমদানী পণ্য পরিবহন, সংরক্ষণ এবং শুল্কায়নের সাথে যেহেতু সরকারী রাজস্বের প্রশ্নটি জড়িত তাই ব্যক্তি উদ্দ্যোগে প্রতিষ্ঠিত পাবলিক বন্ডেড ওয়ারহাউজ লাইসেন্সপ্রাপ্ত আই.সিডি-কে সকল ধরণের আমদানী পণ্য হ্যান্ডলিং-এর অনুমতি না দিয়ে শুরুতে সীমিত আকারে নিম্নলিখিত পণ্য চালান হ্যান্ডলিং-এর অনুমতি দেয়া যায়ঃ-

- (ক) সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমহের আমদানী পণ্য;
- (খ) পোশাক শিল্পের কাঁচামাল;
- (গ) প্রতির্ষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানের কাঁচামাল; এবং
- (ঘ) বাল্কে আমদানীকৃত অভিন্ন মালামাল।

(২৫) আমদানীর ক্ষেত্রে আলোচ্য আদেশের ক্রমিক নং ২৪-এ উলিখিত পণ্য চালান অবশ্যই FCL কন্টেইনারে আমদানী হতে হবে এবং কোন অবস্থাতেই LCL কন্টেইনারে আমদানীকৃত পণ্যের ক্ষেত্রে এ ধরনের ICD ব্যবহারের অনুমতি দেয়া যাবে না।

স্বাক্ষরিত/-
[মোঃ আজম-ই-সাদত]
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)।